

মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আব্দুল হামিদ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাধীন
মাননীয় প্রাণী সম্পদমন্ত্রী মোহাম্মদ ছায়েদুল হক, এমপি ও প্রখ্যাত ভাস্কর ফেরদৌসী প্রিয়ভাষিণীর শয্যাপাশে

মহামান্য রাষ্ট্রপতি ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় আচার্য জনাব মোঃ আব্দুল হামিদ এ বিশ্ববিদ্যালয়ের কেবিন ব্লকের আইসিইউতে চিকিৎসাধীন মৃত্যু ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোহাম্মদ ছায়েদুল হক, এমপি এবং মুক্তিযোদ্ধা ও বাংলাদেশের প্রখ্যাত ভাস্কর ফেরদৌসী প্রিয়ভাষিণীকে আজ শুক্রবার ১৫ ডিসেম্বর রাত ৮টা ৪৩ মিনিটে দেখতে আসেন এবং মহামান্য রাষ্ট্রপতি সেখানে রাত ৯টা পর্যন্ত অবস্থান করেন। মহামান্য রাষ্ট্রপতি এসময় প্রাণী সম্পদমন্ত্রী মোহাম্মদ ছায়েদুল হক, এমপি ও প্রখ্যাত ভাস্কর ফেরদৌসী প্রিয়ভাষিণীর শয্যাপাশে কিছুক্ষণ অবস্থান করেন এবং চিকিৎসাসেবার খোঁজ-খবর নেন ও দ্রুত আরোগ্য কামনা করেন। এসময় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান, এ্যানেসথেশিওলজি বিভাগের সম্মানিত চেয়ারম্যান অধ্যাপক ডা. দেবব্রত বনিক, সম্মানিত সিন্ডিকেট মেম্বর ও সার্জারি বিভাগের অধ্যাপক ডা. ছয়েফ উদ্দিন আহমেদ, সম্মানিত পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের আইসিইউতে চিকিৎসাধীন মৃত্যু ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোহাম্মদ ছায়েদুল হক, এমপি কার্ডিওলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. সজল কৃষ্ণ ব্যানার্জীর অধীনে চিকিৎসাধীন আছেন। বর্তমানে এ্যানেসথেশিওলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. দেবব্রত বনিক তাঁর চিকিৎসার বিষয়টি দেখভাল করছেন। তিনি দীর্ঘদিন ধরে জ্বর, জটিল ইউরিন ইনফেকশন ও শারীরিক দুর্বলতায় ভুগছেন। চলতি বছরের ১৬ সেপ্টেম্বর তিনি এ বিশ্ববিদ্যালয়ের ২১১নং কেবিনে নিউরো মেডিসিন বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসকের তত্ত্বাবধানে ভর্তি হন।

আরো উল্লেখ্য যে, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের আইসিইউতে চিকিৎসাধীন মুক্তিযোদ্ধা ও বাংলাদেশের প্রখ্যাত ভাস্কর ফেরদৌসী প্রিয়ভাষিণীর চিকিৎসাসেবা চলছে পরম মমতায়। বাংলাদেশের এই গুণী মানুষটির চিকিৎসাসেবার বিষয়টি দীর্ঘদিন ধরে সরাসরি তত্ত্বাবধান করছেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন জানিয়েছেন, গত ১৩-১২-১৭ তারিখ, সকালে মুক্তিযোদ্ধা ও বাংলাদেশের প্রখ্যাত ভাস্কর ফেরদৌসী প্রিয়ভাষিণীর চিকিৎসাসেবায় ৯ সদস্য বিশিষ্ট মেডিক্যাল বোর্ড গঠন করা হয়েছে। মেডিক্যাল বোর্ডে রয়েছেন- মেডিসিন অনুষদের ডীন অধ্যাপক ডা. এবিএম আব্দুল্লাহ, অর্থোপেডিক সার্জারি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. নকুল কুমার দত্ত, কার্ডিওলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. সজল কৃষ্ণ ব্যানার্জী, কিডনী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ শহিদুল ইসলাম সেলিম, এডোক্রাইনোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোহাম্মদ আবুল হাসনাত, এ্যানেসথেশিওলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. দেবব্রত বনিক, ইউরোলজি বিভাগের অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, এ্যানেসথেশিওলজি বিভাগের অধ্যাপক ডা. ইকবাল হোসেন চৌধুরী ও লিভার বিভাগের সহযোগী অধ্যাপক ডা. মামুন আল মাহতাব স্বপ্নীল। সম্মানিত পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন জানিয়েছেন, মুক্তিযোদ্ধা ও বাংলাদেশের প্রখ্যাত ভাস্কর ফেরদৌসী প্রিয়ভাষিণীর বর্তমানে জ্ঞানের মাত্রা ভালো, অক্সিজেন প্রয়োজন হচ্ছে না এবং কিডনীর অবস্থার কিছুটা উন্নতি হয়েছে। রোগী স্থিতিশীল রয়েছে তবে এখনও শংকামুক্ত নয়। তিনি জানান, প্রখ্যাত ভাস্কর ফেরদৌসী প্রিয়ভাষিণী দীর্ঘদিন কিডনী, হৃদরোগ, উচ্চরক্তচাপ, ডায়াবেটিস এবং থাইরয়েড রোগে ভুগছেন। এছাড়াও তার বেশ কয়েক বার হৃদযন্ত্রের সমস্যা দেখা দেয়ায় তাঁর CABG-এর স্থায়ী পেস মেকার (Pace Maker) বসানো আছে এবং তাঁর বাম পায়ের গোড়ালিতে ভাঙ্গা জনিত সমস্যা রয়েছে। তিনি আরো জানান, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ৫১২নং কেবিনে চিকিৎসাধীন বাংলাদেশের প্রখ্যাত ভাস্কর ফেরদৌসী প্রিয়ভাষিণীর গত ১০-১২-২০১৭ তারিখে পায়ের অপারেশন করা হয়। পরবর্তীতে তাঁর শ্বাসকষ্ট দেখা দেয়, রক্তচাপ কমে যায়, কিডনীর সদস্য দেখা দেয় এবং জ্ঞানের মাত্রা কমে যাওয়ায় তাঁকে গত ১১-১২-২০১৭ তারিখে আইসিইউতে স্থানান্তর করা হয়। উল্লেখ্য, বাংলাদেশের প্রখ্যাত ভাস্কর ফেরদৌসী প্রিয়ভাষিণীকে গত ২৩ নভেম্বর বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের হেপাটোলজি (লিভার) বিভাগের সহযোগী অধ্যাপক ডা. মামুন আল মাহতাব স্বপ্নীল-এর অধীনে ভর্তি হন।



রাষ্ট্রপতি মোঃ আব্দুল হামিদ ১৫ ডিসেম্বর ২০১৭ শুক্রবার ঢাকায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাধীন বীরঙ্গনা ফেরদৌসী প্রিয়ভাষিণীকে দেখতে যান।-পিআইডি



রাষ্ট্রপতি মোঃ আব্দুল হামিদ ১৫ ডিসেম্বর ২০১৭ শুক্রবার ঢাকায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাধীন মৃত্যু ও প্রাণীসম্পদ মন্ত্রী মোহাম্মদ ছায়েদুল হককে দেখতে যান।-পিআইডি